

**বুডিস্ট ফাউন্ডেশনে অধ্যক্ষ (অব.)  
 দীপক-দীপিকা মেধাবৃত্তি প্রবর্তন**

রাসুনীয়া উপজেলাধীন উত্তর পুন্ড্রা গ্রামের এক ঐতিহ্যবাহী সম্ভ্রান্ত বৌদ্ধ পরিবারের কৃতী সন্তান, বৃহৎ জনহিতকর সংগঠনের উপদেষ্টা-পৃষ্ঠপোষক-শিক্ষানুরাগী ও চট্টগ্রামের ঐতিহ্যবাহী প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান কানুনগোপাড়ার স্যার আওতাধীন সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, অধ্যাপক দীপক তালুকদার এবং স্ত্রী এক সময়ের অধ্যাপক দীপিকা বড়ুয়া সমাজে কল্যাণময় অবদান, কর্মময় স্মৃতিকে চিরজীব করে রাখার মানসে মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সহায়তা দানে ও শিক্ষা বিস্তারে সম্প্রতি বাংলাদেশ বুডিস্ট ফাউন্ডেশনে ৫০ হাজার টাকা দান করে 'অধ্যক্ষ (অব.) প্রফেসর দীপক তালুকদার-দীপিকা বড়ুয়া মেধাবৃত্তি' প্রবর্তন করেছেন। ফাউন্ডেশন কার্যালয়ে দাতা সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্ধার্থ বড়ুয়া ও সভাপতি প্রকৌশলী মৃগাংক প্রসাদ বড়ুয়া ও সাংস্কৃতিক সম্পাদক প্রকৌশলী প্রদীপ বড়ুয়ার কাছে চেক হস্তান্তর করেন। ফাউন্ডেশন কর্তৃপক্ষ তাদের এ মহতি উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।